প্রেস রিলিজ

তারিখ: ১৯ নভেম্বর ২০২৬

বাউবির ডিনস কমিটির ৮ম সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ডিনস কমিটির ৮ম সভা আজ ১৯ নভেম্বর বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় গাজীপুরস্থ উপাচার্য দপ্তরের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

সভায় ডিনস অ্যাওয়ার্ড ২০২৬ নীতিমালা চূড়ান্তকরণ, আসন্ন ৬ষ্ঠ সমাবর্তনের প্রস্তুতি কার্যক্রমের অগ্রগতি, শিক্ষার্থীদের জন্য ডিজিটাল হ্যান্ডবুক প্রণয়ন, পাবলিক পরীক্ষার কেন্দ্র নির্ধারণ, পরীক্ষার ফলাফল প্রকাশ এবং চলমান প্রোগ্রামগুলোর OBE কারিকুলাম বাস্তবায়নের সার্বিক পর্যালোচনা করা হয়।

সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. সিরাজুল ইসলাম, ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি এম আহমেদ হুসেইন, সকল স্কুলের ডিনসহ আইকিউএসির পরিচালক, এসএসএস বিভাগের পরিচালক ও পরীক্ষা নিয়ন্ত্রক উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd